



## ৪ মে থেকে ঢাকা প্রিমিয়ার লিগ শুরু

ক্রীড়া ডেস্ক

আগামী ৪ মে থেকে শুরু হচ্ছে ঢাকা প্রিমিয়ার ক্রিকেট লিগের ২০২৫-২৬ মৌসুম। যা শেষ হবে ১১ জুন। গতকাল এক সংবাদ বিজ্ঞপ্তির মাধ্যমে এই তথ্য নিশ্চিত করেছে বাংলাদেশ ক্রিকেট বোর্ড (বিসিবি)। বিবৃতিতে বিসিবি আরও জানায়, আসন্ন ঢাকা প্রিমিয়ার লিগের খেলাগুলো দেশের ছয় ভেন্যুতে অনুষ্ঠিত হবে। এবার সিঙ্গল লিগ পদ্ধতিতে খেলা হবে। বাদ দেওয়া হয়েছে সুপার লিগ।

সব মিলিয়ে এবারের মৌসুমে ৬৯টি ম্যাচ অনুষ্ঠিত হবে। লিগ পর্বে ৬৬টি ম্যাচের সাথে রেলিগেশন লিগের ৩টি ম্যাচ থাকছে। প্রথম বিভাগে নেমে যাওয়া দল চূড়ান্ত করতে রেলিগেশন লিগের লড়াই হবে। শিগগিরই পূর্ণাঙ্গ সূচি প্রকাশ করা হবে বলে জানিয়েছে বিসিবি। দেশের শীর্ষ লিস্ট ‘এ’ মর্যাদার এই টুর্নামেন্টে ১২টি শীর্ষস্থানীয় ক্লাব অংশ নেবে।

## পিএসএলের প্লে-অফের চার দল চূড়ান্ত

ক্রীড়া ডেস্ক

পাকিস্তান সুপার লিগের (পিএসএল) ১১তম আসরের প্লে-অফের চার দল চূড়ান্ত হয়েছে। গতরাতে লিগ পর্বের শেষ রাউন্ডে প্লে-অফ নিশ্চিত করেছে ইসলামাবাদ ইউনাইটেড ও নতুন দল হায়দরাবাদ কিংসম্যান।

গতকালের আগে প্লে-অফ নিশ্চিত করেছিল পেশোয়ার জালমি ও মুলতান সুলতানস। ১০ ম্যাচে সর্বোচ্চ ১৭ পয়েন্ট নিয়ে টেবিলের শীর্ষে থেকে প্লে-অফ নিশ্চিত করে পেশোয়ার। লিগ পর্বে নিজেদের শেষ ম্যাচে মুলতান সুলতানসকে ৪ উইকেটে হারিয়ে প্লে অফ নিশ্চিত করে ইসলামাবাদ।

১০ ম্যাচে দ্বিতীয় সর্বোচ্চ ১৩ পয়েন্ট নিয়ে টেবিলের দ্বিতীয় স্থানে আছে তারা। ১০ ম্যাচে ১২ পয়েন্ট নিয়ে টেবিলের তৃতীয় স্থানে থাকায় প্লে-অফের টিকিট পায় মুলতান।

শেষ রাউন্ডে রাওয়ালপিন্ডিজকে ১০৮ রানের বড় ব্যবধানে হারিয়ে প্লে-অফে জায়গা করে নেয় হায়দারাবাদ। ১০ ম্যাচে ১০ পয়েন্ট নিয়ে টেবিলের চতুর্থ স্থানে থাকায় প্লে-অফে নাম লেখায় তারা।



## চ্যাম্পিয়নস লিগ সেমিফাইনালে রোনালদোর একক আধিপত্য

ক্রীড়া ডেস্ক

চ্যাম্পিয়নস লিগের শিরোপা লড়াই যখন শেষ পর্যায়ে, তখন আলোচনায় উঠে এসেছে ইতিহাসের সেরা ফুটবলারদের পারফরম্যান্স। বিশেষ করে সেমিফাইনাল মঞ্চে গোলের হিসাবে কার অবস্থান কোথায়? তা নিয়ে নতুন করে তুলনা হচ্ছে ক্রিস্টিয়ানো রোনালদো ও লিওনেল মেসির মধ্যে। চ্যাম্পিয়নস লিগের ইতিহাসে সেমিফাইনালে সর্বোচ্চ গোলদাতা রোনালদো। এই পর্তুগিজ তারকা করেছেন ১৩টি গোল, যা এখনো অন্য কারও নাগালের বাইরে। ২০০৭ সালে ম্যানচেস্টার ইউনাইটেডের হয়ে প্রথম সেমিফাইনাল গোল করার পর ২০১৭ সালে রিয়াল মাদ্রিদের জার্সিতে হ্যাটট্রিক করে এই রেকর্ড গড়েন তিনি।

দ্বিতীয় স্থানে রয়েছেন করিম বেনজেমা, তাঁর গোল সংখ্যা ৮। বিশেষ করে ২০২১-২২ মৌসুমে তাঁর পারফরম্যান্স দলকে ফাইনালে তুলতে বড় ভূমিকা রাখে।

তৃতীয় স্থানে থাকা রবার্তো লেভানডফস্কি করেছেন ৭ গোল। ২০১৩ সালে বরুশিয়া ডর্টমুন্ডের হয়ে এক ম্যাচে ৪ গোল করে আলোড়ন সৃষ্টি করেছিলেন তিনি।

অন্যদিকে লিওনেল মেসির সেমিফাইনাল গোল সংখ্যা ৬। ক্যারিয়ারের শুরুতে বেশ কয়েকটি সেমিফাইনালে গোল না পাওয়ায় তিনি এই তালিকায় পিছিয়ে পড়েছেন। যদিও পরবর্তীতে গুরুত্বপূর্ণ ম্যাচে জোড়া গোল করে নিজের প্রভাব দেখিয়েছেন।

৫টি করে গোল নিয়ে তালিকায় আছেন আলেসান্দ্রো দেল পিয়েরো ও জারি লিটম্যানেন। এছাড়া ৪টি করে গোল করেছেন সাদিও মানে, টমাস মুলার, আরিয়েন রোবেন এবং জিনেদিন জিদান।

## পদকজয়ী অলিম্পিয়ানের কাছে সূর্যবংশীকে নিয়ে প্রশ্ন, সামাজিক মাধ্যমে বিতর্ক

ক্রীড়া ডেস্ক

সাম্প্রতিক সময়ে ভারতীয় ক্রীড়াঙ্গনে সবচেয়ে আলোচিত নামগুলোর একটি বৈভব সূর্যবংশী। মাত্র ১৫ বছর বয়সী এই ব্যাটার তার ধারাবাহিক আক্রমণাত্মক ইনিংসে মুগ্ধ করছেন ক্রীড়াপ্রেমীদের। সেই সূর্যবংশীকে নিয়েই এবার প্রশ্ন করা হলো অলিম্পিক গেমসে ভারতের প্রথম নারী একাধিক পদকজয়ী শ্যুটার মনু ভাকেরের কাছে। তিনি প্রশ্নের উত্তর দিলেও, বিষয়টি ঘিরে সামাজিক মাধ্যমে শুরু হয়েছে ব্যাপক বিতর্ক।

গত সোমবার ন্যাশনাল রাইফেল অ্যাসোসিয়েশন অব ইন্ডিয়া-এর ৭৫তম প্রতিষ্ঠাবার্ষিকী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন





ভাকের। অনুষ্ঠান চলাকালীন বিভিন্ন গণমাধ্যমের সঙ্গে কথা বলার সময় তার কাছে বৈভব সূর্যবংশী সম্পর্কে জানতে চাওয়া হয়। ২০২৪ সালের প্যারিস অলিম্পিক-এ দুটি ব্রোঞ্জ পদকজয়ী এই শ্যুটার অপ্রাসঙ্গিক প্রশ্নের মুখেও সংযত থেকে উত্তর দেন।

শান্ত ও স্থির ভঙ্গিতে ভাকের বলেন, ‘আমি বলব, যদি পরামর্শদাতা ভালো হয়, তার চারপাশের পরিবেশ ভালো থাকে এবং মানুষজন সহযোগিতা করেড়তাহলে বয়স শুধু একটি সংখ্যা। প্রতিভার কোনো নির্দিষ্ট বয়স নেই। ৬০ বছরেও বড় কিছু অর্জন করা যায়, আবার ৬ বছরেও সম্ভব। তাই তাকে যদি সঠিকভাবে দিকনির্দেশনা দেওয়া হয়, আমি নিশ্চিত সে ভবিষ্যতে বড় তারকা হয়ে উঠবে।’

তবে এই প্রশ্নোত্তর পর্ব সামাজিক মাধ্যমে ছড়িয়ে পড়ার পর তীব্র প্রতিক্রিয়ার সৃষ্টি হয়েছে। অনেক ক্রীড়াপ্রেমী ও ব্যবহারকারী ক্ষোভ প্রকাশ করে প্রশ্ন তুলেছেনড়একজন অলিম্পিয়ানকে কেন এমন অপ্রাসঙ্গিক প্রশ্ন করা হলো? তাদের মতে, এটি ভাকেরের প্রতি অসম্মানজনক আচরণ। আবার অনেকে মনে করছেন, ভারতে ক্রিকেটকে অতিরিক্ত গুরুত্ব দেওয়ার প্রবণতাই এখানে প্রকাশ পেয়েছে। তাদের বক্তব্য, এমন একটি অনুষ্ঠানে যেখানে ভাকের নিজেই ইতিহাস গড়া ক্রীড়াবিদ, সেখানে অন্য খেলার একজন তরুণ খেলোয়াড়কে নিয়ে প্রশ্ন তোলা অযৌক্তিক।

এদিকে, কেউ কেউ বলেন, সূর্যবংশী নিঃসন্দেহে প্রতিভাবান, তবে ভিন্ন শাখার একজন ক্রীড়াবিদের সামনে তাকে নিয়ে প্রশ্ন করা ঠিক হয়নি। এতে মূল অর্জনকে আড়াল করা হয়েছে বলেও মন্তব্য করেন তারা।

উল্লেখ্য, দারুণ ফর্মে থাকা সূর্যবংশী বর্তমানে ইন্ডিয়ান প্রিমিয়ার লিগ-এর সর্বোচ্চ রানসংগ্রাহকদের তালিকায় তৃতীয় স্থানে আছেন। ৮ ম্যাচে একটি সেঞ্চুরি ও দুটি অর্ধশতকে তার সংগ্রহ ৩৫৭ রান। তার গড় ৪৪ দশমিক ৬২ এবং স্ট্রাইক রেট ২৩৪ দশমিক ৮৬। তার সামনে রয়েছেন অভিষেক শর্মা (৩৮০ রান) ও লোকেশ রাহুল (৩৫৮ রান)। ব্যবধান খুব বেশি না হওয়ায় দ্রুতই শীর্ষে ওঠার সম্ভাবনা রয়েছে এই বাঁহাতি ব্যাটারের।




## বিশ্বকাপের স্টিকার অ্যালবামে আছেন মেসি-এমবাপ্পে-ইয়ামাল, নেই নেইমার

ক্রীড়া ডেস্ক

এক দশকেরও বেশি সময় ধরে ব্রাজিল ফুটবলের পোস্টার বয় ছিলেন নেইমার জুনিয়র। ক্রিস্টিয়ানো রোনালদো কিংবা লিওনেল মেসি-র মতো তারকাদের সঙ্গে যার নাম উচ্চারিত হতো, সেই নেইমারই এবার ২০২৬ বিশ্বকাপের অফিশিয়াল স্টিকার অ্যালবামে জায়গা পাননি। বিষয়টি ভক্তদের জন্য বিস্ময়ের হলেও সাম্প্রতিক প্রেক্ষাপটে তা পুরোপুরি অপ্রত্যাশিত নয়।

দীর্ঘদিন ধরে বিশ্বকাপের স্টিকার অ্যালবাম প্রকাশের দায়িত্বে থাকা ইতালীয় প্রতিষ্ঠান পানিনি গ্রুপ এবারের আসরে এনেছে ইতিহাসের সবচেয়ে বড় সংস্করণ। ৪৮ দলের বর্ধিত এই বিশ্বকাপ উপলক্ষে অ্যালবামটিতে রয়েছে মোট ৯৮০টি স্টিকার।

পানিনির নীতিমালা অনুযায়ী, কোনো খেলোয়াড়কে নির্বাচনের ক্ষেত্রে তার জনপ্রিয়তার চেয়ে বেশি গুরুত্ব দেওয়া হয় সাম্প্রতিক পারফরম্যান্স, ইনজুরি পরিস্থিতি এবং জাতীয় দলে নিয়মিত খেলার সম্ভাবনাকে। ২০২৫ সালে যখন ব্রাজিল দলের স্টিকার নির্বাচন শুরু হয়, তখন নেইমার দীর্ঘ সময় ধরে ইনজুরির কারণে জাতীয় দলের বাইরে ছিলেন।পানিনি ব্রাজিলের প্রধান নির্বাহী রাউল ভালেসিলো জানিয়েছেন, তারা একটি সম্ভাবনাভিত্তিক মডেলের মাধ্যমে খেলোয়াড় বাছাই করেন। যারা নিয়মিত জাতীয় দলে খেলছেন এবং ডাক পাচ্ছেন, তারাই অ্যালবামে জায়গা পান।

২০২৩ সালের অক্টোবরে উরুগুয়ের বিপক্ষে ম্যাচে লিগামেন্টে গুরুতর চোট পাওয়ার পর থেকেই নেইমারের ক্যারিয়ারে ছন্দপতন দেখা দেয়। এরপর ফরাসি ক্লাব প্যারিস সাঁ-জার্মেই ছেড়ে তিনি সৌদি আরবের ক্লাব আল-হিলালে যোগ দিলেও ইনজুরির কারণে সেখানে খুব কম ম্যাচ খেলতে পেরেছেন। পরবর্তীতে ২০২৫ সালের জানুয়ারিতে আল-হিলালের সঙ্গে চুক্তি বাতিল করে তিনি তার শৈশবের ক্লাব সান্তোসে ফিরে আসেন, মূল লক্ষ্য ছিল পূর্ণ ফিটনেস ফিরে পাওয়া। তবে স্টিকার অ্যালবামে না থাকা মানেই যে নেইমার বিশ্বকাপ দলে থাকবেন না এমনটি নিশ্চিত নয়। চূড়ান্ত সিদ্ধান্ত নেবেন ব্রাজিলের প্রধান কোচ কার্লো আনচেলত্তি। আগামী ১৮ মে তিনি বিশ্বকাপের চূড়ান্ত দল ঘোষণা করবেন। ব্রাজিলের কিংবদন্তি ফুটবলার রাই মনে করেন, নেইমার এখনো বড় মাপের খেলোয়াড়। তার নিখুঁত পাস দেওয়ার ক্ষমতা এখনো দারুণ, তবে ইনজুরির কারণে গতি কমেছে এবং তিনি এখনো সেরা ফর্মে ফিরতে পারেননি। এখন বড় প্রশ্ন শেষ মুহূর্তে নিজেকে প্রমাণ করে কি আনচেলত্তির দলে জায়গা করে নিতে পারবেন নেইমার? নাকি এক সময়ের মহাতারকাকে ছাড়াই উত্তর আমেরিকায় বিশ্বকাপ অভিযান শুরু করবে ব্রাজিল? উত্তর মিলবে সময়ের সঙ্গে।

## এল ক্লাসিকোতে এমবাপ্পের খেলা নিয়ে শঙ্কা

ক্রীড়া ডেস্ক

মৌসুমের দ্বিতীয় এল ক্লাসিকোতে স্ট্রাইকার কিলিয়ান এমবাপ্পের খেলা নিয়ে শঙ্কা দেখা দিয়েছে। এই তথ্য নিশ্চিত করেছে রিয়াল মাদ্রিদ।

এক বিবৃতিতে মাদ্রিদ জানায়, ‘“গত শুক্রবার লা লিগায় রিয়াল বেতিসের বিপক্ষে ১-১ গোলে ড্র হওয়া ম্যাচে ফ্রান্সের অধিনায়ক এমবাপ্পে চোট পেয়ে মাঠ ছাড়ার পর স্ক্যান রিপোর্টে তার বাম পায়ের সেমিটেন্ডিনোসাস পেশিতে চোট ধরা পড়েছে।”

লিগ টেবিলের শীর্ষে থাকা বার্সেলোনার থেকে ১১ পয়েন্ট পিছিয়ে মাদ্রিদ বর্তমানে দ্বিতীয় স্থানে রয়েছে। কাতালান জায়ান্টদের মুখোমুখি হবার আগে আগামী রোববার এস্পানেয়লের মোকাবেলা করবে লস ব্ল্যাঙ্কোসরা। রিয়াল মাদ্রিদ প্রথমে জানিয়েছিল এমবাপ্পে পেশিতে অতিরিক্ত চাপজনিত সমস্যায় ভুগছেন, কিন্তু পরবর্তী পরীক্ষায় দেখা যায় তাদের শীর্ষ গোলদাতা সত্যিই চোটে পড়েছেন। তার অনুপস্থিতিতে যদি মাদ্রিদ এস্পানেয়লের বিপক্ষে পয়েন্ট হারায় এবং শনিবার বার্সেলোনা ওসাসুনাকে হারায়, তবে হান্সি ফ্লিকের দল টানা দ্বিতীয় মৌসুমের জন্য চ্যাম্পিয়ন হবে।

এই মৌসুমে চোটে ভোগা এমবাপ্পেকে নিয়ে ফ্রান্সে উদ্বেগ তৈরি হয়েছে। বিশেষ করে ১১ জুন যুক্তরাষ্ট্র, কানাডা ও মেক্সিকোতে শুরু হতে যাওয়া বিশ্বকাপকে সামনে রেখে এমবাপ্পের ইনজুরি নিয়ে নতুন করে শঙ্কায় পড়েছে ফ্রান্স। ২০১৮ সালে বিশ্বকাপ জয়ী ২৭ বছর বয়সী এই ফরোয়ার্ড হাঁটুর চোটে দুই মাস মাঠের বাইরে ছিলেন, যা তার ক্যারিয়ারের দীর্ঘতম অনুপস্থিতি। তিনি স্বীকার করেছিলেন এটি তাকে হতাশা, রাগ ও উদ্বেগে ফেলেছিল।




# বিনোদন

## ‘মেরিল-প্রথম আলো’ আসরে ভিন্ন লুকে নজর কাড়লেন প্রিয় মনি

আমার বার্তা বিনোদন

সম্প্রতি রাজধানীর এক জমকালো আয়োজনে অনুষ্ঠিত ‘মেরিল-প্রথম আলো’ পুরস্কার প্রদান অনুষ্ঠানে দীর্ঘদিনের নীরবতা ভেঙে ভিন্ন এক লুকে দর্শকদের সামনে ধরা দিলেন চিত্রনায়িকা প্রিয় মনি। বিনোদন অঙ্গনে একসময় নিয়মিত উপস্থিত থাকলেও বেশ কিছুদিন ধরেই আলোচনার বাইরে ছিলেন তিনি। সেই বিরতির পর হঠাৎ করেই এমন গ্ল্যামারাস উপস্থিতিতে যেন নতুনভাবে নজর কাড়লেন এই অভিনেত্রী।

অনুষ্ঠানে তিনি হাজির হন একেবারেই আলাদা স্টাইল স্টেটমেন্টে। অফ-হোয়াইট বা ক্রিম রঙের বডি-ফিট গাউনে ছিল পরিমিত আভিজাত্য, সামনে ড্রেপড ডিজাইন তার লুককে দিয়েছে নরম অথচ গ্ল্যামারাস এক মাত্রা। এর সঙ্গে মানানসই মিনিমাল জুয়েলারি ও গোল্ডেন ক্লাচড়সব মিলিয়ে তার সাজে ছিল রুচিশীলতার ছাপ।

হেয়ারস্টাইলেও ছিল নতুনত্বের ছোঁয়া। সাইড-পার্টেড সফট ওয়েভি চুলে যোগ হয়েছে ভলিউম, যা তার পুরো উপস্থিতিকে করেছে আরও প্রাণবন্ত। মেকআপে ছিল গ্লসি ফিনিশ; উষ্ণ আলোর আলোছায়ায় তা এনে দেয় আলাদা এক আভা। সব মিলিয়ে তার এই উপস্থিতিতে তৈরি হয়েছে ভিন্ন রকম এক ‘ভাইব’, যা সহজেই নজর কাড়ে উপস্থিত সবার।

লাল গালিচায় তার আত্মবিশ্বাসী উপস্থিতি ও সাবলীল অভিব্যক্তি যেন জানিয়ে দেয়ড় সময় পেরোলেও তার আকর্ষণ কমেনি। বরং নতুনভাবে নিজেকে উপস্থাপনের এই প্রচেষ্টায় ফুটে উঠেছে তার দৃষ্টিভঙ্গি ও স্টাইল সচেতনতা।

দীর্ঘদিন পর এমন ভিন্ন লুকে প্রিয় মনি-কে পেয়ে ভক্তদের মধ্যেও দেখা গেছে উচ্ছ্বাস। সামাজিক যোগাযোগমাধ্যমে ইতোমধ্যেই তার এই নতুন উপস্থিতি ঘিরে প্রশংসার ঝড় উঠেছে।




## উত্তরবঙ্গে পিছিয়ে থাকা নারীদের নিয়ে নতুন স্বপ্ন বুনছেন নাদিরা

তকীউদ্দিন মুহাম্মদ আকরামুল্লাহ

দেশের উত্তরাঞ্চলের অবহেলিত জনপদ কুড়িগ্রামের নাগেশ্বরী উপজেলার জামতলা গ্রামে শুরু হয়েছে নতুন সম্ভাবনার গল্প। সুবিধাবঞ্চিত নারীদের আত্মনির্ভরশীল করে তুলতে এখানে যাত্রা শুরু করেছে ‘আবুল হোসেন কোরেশী প্রকল্প-২’। প্রাথমিকভাবে ৯০ জন নারীকে নিয়ে শুরু হওয়া এই উদ্যোগ এখন স্বপ্ন দেখাচ্ছে বদলে যাওয়ার। সিলেটি কন্যা নাদিরা আবুল কোরেশী। শৈশব থেকেই আঁকাআঁকি ও নকশা করার শখ তার। সেই শখের হাত ধরেই কৈশোরে তিনবার জাতীয় পুরস্কার অর্জন করেন তিনি। কলেজের গণ্ডি শেষে উচ্চশিক্ষার জন্য যুক্তরাষ্ট্রে পাড়ি জমান নাদিরা। পড়াশোনা শেষে সেখানেই কর্মজীবন শুরু করেন। পরবর্তীতে বিবাহ বন্ধনে আবদ্ধ হন কানাডা প্রবাসী সিলেটি সন্তান রাশেদ ওয়াহিদের সঙ্গে। বর্তমানে তারা দু’জনেই যুক্তরাষ্ট্রে ভিন্ন দুটি আইটি প্রতিষ্ঠানে কর্মরত। এক পুত্র সন্তান নিয়ে সুখের সংসার তাদের। প্রবাসে থাকলেও নাদিরার হৃদয়জুড়ে রয়েছে মাতৃভূমি বাংলাদেশ এবং দেশের মানুষের প্রতি গভীর টান। বাংলাদেশের ইতিহাস, ঐতিহ্য ও সংস্কৃতিকে বিশ্বদরবারে তুলে ধরা এবং পিছিয়ে থাকা মানুষদের কর্মদক্ষ করে গড়ে তোলার আকাঙ্ক্ষা থেকেই নিজের শৈশবের শখড়আঁকাআঁকি ও নকশাকে ঘিরে পরিকল্পনা শুরু করেন নাদিরা। কুড়িগ্রামের এই নতুন প্রকল্পে নারীদের দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে ১৮ থেকে ২১ এপ্রিল চারদিনব্যাপী বুটিক বিষয়ক বিশেষ প্রশিক্ষণের আয়োজন করা হয়। এতে অংশগ্রহণকারীদের হাতের কাজ, হাতে সেলাই ও দর্জি কাজসহ ব্লকের বিভিন্ন বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়। এর মাধ্যমে তাদের আত্মনির্ভরশীল হয়ে ওঠার পথ তৈরি করা হচ্ছে।


নাদিরা কোরেশী জানান, তার লক্ষ্য উত্তরবঙ্গের নারীদের আত্মনির্ভরশীল করে তোলা। তার বিশ্বাস, নারীরা অর্থনৈতিকভাবে স্বাবলম্বী হলে পুরো অঞ্চলই উন্নয়নের পথে এগিয়ে যাবে।

এর আগে সিলেটের গোলাপগঞ্জ উপজেলার কানিশাইল গ্রামে সুবিধাবঞ্চিত নারী ও কন্যাদের নিয়ে একই উদ্যোগ শুরু করেন নাদিরা। সেখানে ‘আবুল হোসেন কোরেশী প্রকল্প’-এর মাধ্যমে কাপড় বোনা, নকশা, বুটিক ও পোশাক তৈরির প্রশিক্ষণ দিয়ে একটি উৎপাদনকেন্দ্র গড়ে তোলা হয়েছে। সেই অভিজ্ঞতাকেই কাজে লাগিয়ে এবার উত্তরবঙ্গে শুরু হলো দ্বিতীয় ধাপের কার্যক্রম।

নাদিরার স্বপ্ন, এসব নারীদের নিয়ে একটি বৃহৎ উদ্যোক্তা নেটওয়ার্ক গড়ে তোলা। তাদের তৈরি পণ্য বাজারজাত করতে তিনি ‘শাটী’ নামে একটি ব্র্যান্ড প্রতিষ্ঠা করেছেন, যার পণ্য ইতোমধ্যে দেশের গণ্ডি পেরিয়ে বিশ্বের প্রায় ২৫টি দেশে পৌঁছেছে। উল্লেখযোগ্য বিষয় হলোড়এই আয় সরাসরি সংশ্লিষ্ট নারী ও কন্যাদের কাছেই ফিরিয়ে দেওয়া হয়।

শুধু অর্থনৈতিক নয়, সামাজিক উন্নয়নেও গুরুত্ব দিচ্ছেন নাদিরা। প্রকল্পের আওতাভুক্ত পরিবারের মেয়েদের শিক্ষাবৃত্তি প্রদান, কম্পিউটার ও আইটি প্রশিক্ষণ এবং সাংস্কৃতিক ও ক্রীড়া কার্যক্রমে সম্পৃক্ত করার উদ্যোগও নেওয়া হয়েছে।





## একাই ছাপিয়ে গেলেন সবাইকে নুসরাত ফারিয়ার ঝলক

আমার বার্তা বিনোদন

সম্প্রতি অনুষ্ঠিত মেরিল-প্রথম আলো পুরস্কার ২০২৫-এর জমকালো আয়োজনে নানা পরিবেশনার ভিড়ে সবচেয়ে বেশি আলোচনায় উঠে আসে নুসরাত ফারিয়া-এর প্রাণবন্ত পারফরম্যান্স। তার অভিনীত চলচ্চিত্র জ্বিন ৩-এর বহুল জনপ্রিয় গান *“কন্যা”*সহ আরও কয়েকটি গানে নৃত্য পরিবেশন করেন তিনি। শুরু থেকেই তার আত্মবিশ্বাসী উপস্থিতি, নিখুঁত নৃত্যভঙ্গি এবং অভিব্যক্তির বৈচিত্র্য দর্শকদের মুগ্ধ করে রাখে। প্রতিবারের মতো এবারের আসরেও শোবিজের অনেক তারকা মঞ্চে পারফর্ম করেন। তবে পুরো আয়োজন শেষে দর্শক প্রতিক্রিয়া এবং সামাজিক যোগাযোগ মাধ্যমের আলোচনায় স্পষ্ট হয়ে ওঠেড়নুসরাত ফারিয়ার পরিবেশনাই ছিল সবার নজরকাড়া। তার গ্ল্যামারাস লুক, মুগ্ধ করা হাসি এবং স্টেজে সাবলীল উপস্থিতি পুরো পরিবেশনাকে দেয় ভিন্ন এক মাত্রা। প্রতিটি মুহূর্তে তিনি যেন দর্শকদের সঙ্গে এক বিশেষ সংযোগ তৈরি করতে সক্ষম হন।

এদিকে, সামাজিক যোগাযোগ মাধ্যমেও তার এই পরিবেশনা ব্যাপক প্রশংসিত হয়েছে। ভক্তদের পাশাপাশি সাধারণ দর্শকরাও তার নৃত্য, অভিব্যক্তি ও স্টেজ প্রেজেন্সের ভূয়সী প্রশংসা করেন।

## প্রচারে লাকী আখান্দের সুরে নতুন গান ‘না দুঃখ দিয়ে’

আমার বার্তা বিনোদন

লাকী আখান্দের সুর করে রেখে যাওয়া আরও একটি অপ্রকাশিত গান প্রচারে এসেছে। গোলাম মোর্শেদের লেখা ‘না দুংখ দিয়ে’ শিরোনামের গানটিতে কণ্ঠ দিয়েছেন সংগীতশিল্পী স্বরলিপি। প্রযোজনা সংস্থা ‘গান জানালার’ ইউটিউব চ্যানেলে গানটি প্রকাশ করা হয়েছে। গানটির সংগীতায়োজন করেছেন সজীব দাস। এছাড়া মিউজিক ভিডিও পরিচালনা করেছেন রুমকী রুসা ও মাশরুর হোসাইন। গানটি নিয়ে গোলাম মোর্শেদ বললেন, লাকী ভাইয়ের জন্য আমি অনেক গানই লিখেছি। এরমধ্যে বেশ কিছু গান এখনও অপ্রকাশিত। তার জন্য লেখা গানগুলোর মধ্যে এটি অসম্ভব প্রিয় একটি গান। বলা যায়, আমার লেখা সবচেয়ে প্রিয় তিনটি গানের একটি। স্বরলিপি এই প্রজন্মের দারুণ শিল্পী। তার কণ্ঠে গানটি দর্শকপ্রিয় হবে এমনটাই প্রত্যাশা আমার। স্বরলিপি বললে, আমার সৌভাগ্য যে লাকী আখান্দ স্যারের সুর করা গান গাইতে পেরেছি। একজন শিল্পী হিসেবে অনেক গানই আমরা গাই। কিন্তু তার মধ্যেও কিছু গান থাকে একেবারেই নিজের জন্য, নিজের হয়ে যাওয়া গান। যা কিনা নিজের শিল্পীসত্তাতে প্রশান্তি এনে দেয়। এটি তেমনই একটি গান হয়ে থাকবে আমার জীবনে। গেল ১৫ এপ্রিল প্রকাশ পেয়েছিল লাকী আখান্দের সুর করা, গোলাম মোর্শেদের লেখা গান ‘যার কাছে মন রেখে’। লাকী আখান্দের প্রয়াণ দিবস ছিল ২১ এপ্রিল। নয় বছর আগে ২০১৭ সালে ফুসফুসের ক্যান্সারের সঙ্গে দীর্ঘ লড়াইয়ে পরাস্ত হয়ে চিরবিদায় নেন তিনি। লাকী আখান্দের সুর করে রাখা বেশ কিছু গান এখনো আছে মোর্শেদের কাছে। সেখান থেকেই পরপর দুইটি গান দর্শকের সামনে এনেছেন এই গীতিকার।

## মাইকেল জ্যাকসনের বায়োপিকে থাকতে রাজি হননি তার বোন

আমার বার্তা বিনোদন

মাইকেল জ্যাকসনের বায়োপিক সিনেমায় থাকছে না তার বোন ও পপ তারকা জ্যানেট জ্যাকসনের চরিত্র। প্রস্তাব পেয়েও এই সিনেমায় নিজের চরিত্র রাখতে রাজি হননি তিনি। মাইকেল জ্যাকসনের আরেক বোন লা টয়া জ্যাকসন ভ্যারাইটি ম্যাগাজিনকে জানিয়েছেন, সুযোগ থাকা সত্ত্বেও জ্যানেট সিনেমায় হাজির হননি। লা টয়া বলেন, ‘আমি চাইছিলাম সবাই যেন সিনেমায় থাকে। তাকেও (জ্যানেট) অনুরোধ করা হয়েছিল এবং সে বিনয়ের সঙ্গে তা প্রত্যাখ্যান করেছে। তার ইচ্ছাকে আমাদের সম্মান জানানো উচিত।’



জ্যাকসন পরিবারের অনেক সদস্যকেই সিনেমায় দেখানো হয়েছে। মাইকেল জ্যাকসনের ভূমিকায় অভিনয় করছেন তার ভাইয়ের ছেলে জাফার জ্যাকসন। গায়কের বাবা-মা জো ও ক্যাথেরিন জ্যাকসনের ভূমিকায় রয়েছেন কোলম্যান ডমিঙ্গো এবং নায়া লং। লা টয়ার ভূমিকায় অভিনয় করছেন জেসিকা সুলা। এছাড়া মাইকেলের চার ভাই ও জ্যাকসন ফাইভের সদস্য জ্যাকি, জারমেইন, টিটো ও মারলনের চরিত্রও সিনেমায় তুলে ধরা হবে। সিনেমাটির পরিচালক অ্যান্টোয়ান ফুকোয়া ভ্যারাইটিকে জানিয়েছেন, মাইকেলের পরিবারের সদস্যদের পর্দায় তুলে ধরা তার জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ ছিল। ফুকোয়া বলেন, ‘আপনি যখন কারও জীবনের গল্প বলছেন, তখন আপনাকে নিশ্চিত করতে হবে তারা সন্তুষ্ট আছেন। জ্যানেটকে আমি অত্যন্ত শ্রদ্ধা করি ও ভালোবাসি। যে কারণে আমি তার সিদ্ধান্ত মেনে নিয়েছি। উনি জাফারকে সমর্থন করছেন আর সেটাই গুরুত্বপূর্ণ।’ জ্যাকসন পরিবারের কনিষ্ঠতম সদস্য জ্যানেট ১৯৮০-এর দশকের শুরুতে ‘ডিফরেন্ট স্ট্রোকস’ ও ‘ফেইম’ সিরিজের মাধ্যমে টিন তারকা হিসেবে পরিচিতি পান। ১৯৮২ সালে তার স্বনামধন্য অ্যালবাম দিয়ে পপ দুনিয়ায় অভিষেক হয়। এর দুই বছর পর প্রকাশিত হয় ‘ড্রিম স্ট্রিট’। ১৯৮৬ সালের সুপারহিট অ্যালবাম ‘কন্ট্রোল’ তাকে শীর্ষ সারির নারী পপ তারকায় পরিণত করে।১৯৯৪ সালে মাইকেল জ্যাকসনের সঙ্গে যৌথভাবে ‘স্ক্রিম’ গানটি রেকর্ড করেন জ্যানেট।